

কর্মজীবী নারী KARMOJIBI NARI

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ৭/০২/২০২০

নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে কর্মজীবী নারী'র আয়োজিত পুরুষ সমাবেশ

নারীর প্রতি সহিংসতা কেবল নারীর বিষয় নয়, এটা সকলের বিষয়

- হাসানুল হক ইন্ডু এমপি

নারী-পুরুষ বাঁধো জোট, নারী সহিংসতা হোক প্রতিরোধ; ঘরে-বাইরে-কর্মস্থলে আমরাই পারি নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ করতে শোগানে শোগানে দাবি তুলেছে এবং শপথ বাক্য ও নারীর প্রতি সহিংসতাকে 'না' বলেছে আজ ০৭ ফেব্রুয়ারি ২০২০ কর্মজীবী নারী ও মানুষের জন্য ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত 'নারী-পুরুষ বাঁধো জোট নারী সহিংসতা হোক প্রতিরোধ' শীর্ষক পুরুষ সমাবেশে। মিরপুর-১ এর উপ-শহর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত এই পুরুষ সমাবেশে কর্মজীবী নারীর সহ-সভাপতি উম্মে হাসান বালমল এর সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন তথ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি হাসানুল হক ইন্ডু এমপি, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন: মানুষের জন্য ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক শাহিন আনাম, নাট্য ব্যক্তিত্ব ও চলচিত্র নির্দেশক নাদের চৌধুরী এবং সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন: কবি ও কথা সাহিত্যিক রোকেয়া ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন কর্মজীবী নারী'র নির্বাহী পরিচালক রোকেয়া রফিক ও সংগঠনাক করেন কর্মজীবী নারী'র সমন্বয়ক রাজীব আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে হাসানুল হক ইন্ডু এমপি বলেন, নারীর প্রতি খারাপ আচরণ, উত্ত্যক্ত, হয়রানির ঘটনা ঘটেই চলছে। তিনি বলেন, নারীর প্রতি সহিংসতার সবচেয়ে খারাপ স্তর হলো নারীর প্রতি ধর্ষণের ঘটনা। নারীর প্রতি সহিংসতা কেবল নারীর বিষয় নয়, এটা সকলের বিষয়। নারীর প্রতি নির্যাতন ও সহিংসতার ঘটনায় শুধু নির্দিষ্ট একটা পরিবার নয় আমরা সবাই ক্ষতিগ্রস্ত হচ্ছি। বালিকা বিদ্যালয়, মহিলা কলেজে নারীদের নারী নির্যাতন নিয়ে সচেতন করা হয়। তিনি বলেন, এখন সময় হয়েছে আমাদের পাড়া-মহল্লায় পুরুষ সমাবেশ করে পুরুষদের সচেতন করা। তিনি আরও বলেন, নারী নির্যাতন বিষয়ে গ্রাম্য শালিসে কোন ব্যবস্থা না নিয়ে আদালতের মাধ্যমে ব্যবস্থা নিতে হবে, নারী ধর্ষণ মামলার সাক্ষ্য আইন এবং দুই আঙুলে পরীক্ষা আইন বাতিল করতে হবে। যৌন হয়রানি প্রতিরোধে একটা পূর্ণাঙ্গ আইন প্রণয়ন করতে হবে। কর্মক্ষেত্রে যেখানে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি থাকবে না সেখানেই জরিমানা করতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে শাহিন আনাম বলেন, আসুন সবাই মিলে শপথ করি সমাজ থেকে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ করি এবং নারী ও পুরুষ উভয়কে সম্মান করি।

কর্মজীবী নারী নিম্নোক্ত দাবির বাস্তবায়নে আহ্বান করছে:

- মহামান্য হাইকোর্টের নির্দেশনা ২০০৯ - পূর্ণাঙ্গ আইনে পরিণত কর।
- নারীর জন্য উপযুক্ত ও নিরাপদ কর্মপরিবেশ এবং নারীর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে যৌন হয়রানী প্রতিরোধ কমিটি গঠনে উদ্যোগী হও।
- নারী নির্যাতন প্রতিরোধ সম্পর্কিত প্রচলিত আইন যুগোপযুগী করার লক্ষ্যে সংশোধন এবং নতুন আইন প্রণয়ন কর।
- নারী নির্যাতন প্রতিরোধ সম্পর্কিত আইনের সুষ্ঠু এবং কঠোর প্রয়োগ নিশ্চিত কর।

হোসনে আরা নকীব
সমন্বয়ক, কর্মজীবী নারী
যোগাযোগ: আল জাহিদ (০১৬৮৬১৬০৬২৯)

KarmojibiNari: Green Avenue Park, House-01, Apartment B8, Road-03, Block-A, Section-06, Mirpur, Dhaka-1216